# মঞ্জুরি নং-০৩

## ১০৪ -মন্ত্রিপরিষদ বিভাগ

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| পরিচালন ব্যয় | ৯৬,১৯,০০ | ১০১,০০,০০ | ১০৬,০৫,০০ |
| উন্নয়ন ব্যয় | ৯,৩০,০০ | ৫,৬০,০০ | ৫,৮৮,০০ |
| **মোট** | **১০৫,৪৯,০০** | **১০৬,৬০,০০** | **১১১,৯৩,০০** |
| | | | |
| আবর্তক | ৯৩,৫০,৯৩ | ৯৩,৯৫,০০ | ৯৮,২৭,০০ |
| মূলধন | ১১,৯৮,০৭ | ১২,৬৫,০০ | ১৩,৬৬,০০ |
| আর্থিক সম্পদ | ০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **১০৫,৪৯,০০** | **১০৬,৬০,০০** | **১১১,৯৩,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

মন্ত্রিসভা ও মন্ত্রিসভা কমিটিসমূহের সাচিবিক কার্যক্রম, আন্তঃমন্ত্রণালয় সমন্বয়, মাঠ প্রশাসনের তত্ত্বাবধান ও সংস্কার কার্যক্রমের মাধ্যমে সুশাসন সংহতকরণ।

### ১.২ মন্ত্রিপরিষদ বিভাগের প্রধান কার্যাবলি

১.২.১. রাষ্ট্রপতির শপথ ও পদত্যাগ এবং প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভার সদস্যগণের নিয়োগ, শপথ ও পদত্যাগ সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;

১.২.২. মন্ত্রিসভা, মন্ত্রিসভা কমিটি ও সচিব কমিটির সাচিবিক কার্যক্রম এবং দলিলপত্র সংরক্ষণ, মন্ত্রণালয়/বিভাগসমূহের কার্যাবলির বার্ষিক প্রতিবেদন সংকলন ও মন্ত্রিসভায় উপস্থাপন;

১.২.৩. আন্তঃমন্ত্রণালয় সমন্বয়; মন্ত্রণালয়/বিভাগ গঠন, পুনর্গঠন ও কার্যবণ্টন; প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

১.২.৪. কার্যবিধিমালা, পতাকা বিধিমালা, জাতীয় সঙ্গীত বিধিমালা, জাতীয় প্রতীক বিধিমালা, পদমানক্রম সংশ্লিষ্ট কার্যাবলি এবং মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক প্রস্তাবিত আইনের উৎকর্ষ সাধনের সুপারিশ প্রদান;

১.২.৫. জাতীয় পুরস্কার এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন; আন্তর্জাতিক পুরস্কারের জন্য মনোনয়ন প্রদান;

১.২.৬. উপজেলা, জেলা ও বিভাগের সাধারণ প্রশাসন সংক্রান্ত কার্যাবলি;

১.২.৭. সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) বাস্তবায়ন; সিটিজেন্স চার্টার, জিআরএস বাস্তবায়ন, ই-গভর্নেন্স, উদ্ভাবন, তথ্য অধিকার ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রম;

১.২.৮. তোশাখানা ও জাতীয় নিরাপত্তা সংক্রান্ত সেল এবং ব্লু ইকোনমি সংক্রান্ত কার্যক্রম সমন্বয়।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য এবং কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. মন্ত্রণালয়/ বিভাগসমূহের কার্যক্রমের সমন্বয় জোরদারকরণ | • মন্ত্রিসভা বৈঠক, মন্ত্রিসভা কমিটি, সচিব-সভা, সচিব কমিটি, আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সভা ও নিকার সভা আয়োজন;<br>• মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন;<br>• মন্ত্রিসভা কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ;<br>• প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভার জন্য প্রাপ্ত প্রস্তাবসমূহ নিষ্পত্তিকরণ;<br>• মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক জাতীয় সংসদে প্রদেয় ভাষণ প্রণয়ন;<br>• মন্ত্রণালয়/বিভাগসমূহের কার্যাবলির বার্ষিক প্রতিবেদন প্রণয়ন;<br>• জাতীয় জীবনে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে স্বাধীনতা পুরস্কার প্রদান;<br>• উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিচালনা কার্যক্রম পরিবীক্ষণ; এবং<br>• মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রণীতব্য সকল আইনের উৎকর্ষ সাধনের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় কমিটির মাধ্যমে সুপারিশ প্রদান। | • মন্ত্রিপরিষদ বিভাগ |
| ২. মাঠ প্রশাসনের সক্ষমতা ও কার্যকারিতা বৃদ্ধিকরণ | • জেলা প্রশাসক সম্মেলন আয়োজন;<br>• মাঠ পর্যায়ের কর্মকর্তা/ জনপ্রতিনিধিদের সঙ্গে ভার্চুয়াল সভার মাধ্যমে জরুরি ও জনগুরুত্বপূর্ণ বিষয়ে দিক্‌নির্দেশনা প্রদান;<br>• মাঠ পর্যায়ে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাগণের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ তদন্তপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ/নিষ্পত্তিকরণ;<br>• কমিশনার ও জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে GPMS বাস্তবায়ন;<br>• পাক্ষিক গোপনীয় প্রতিবেদন সংগ্রহ ও প্রতিবেদন প্রণয়ন এবং কার্যক্রম গ্রহণ;<br>• পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রদত্ত অনুশাসনের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ;<br>• জেলা প্রশাসকগণের তিনবছর মেয়াদী অগ্রাধিকার কর্মপরিকল্পনা পরিবীক্ষণ;<br>• ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ;<br>• ১৯৪৮ ও ১৯৮২ সালের বিলম্বিত এলএ মামলা নিষ্পত্তিকরণ পরিবীক্ষণ;<br>• কমিশনারগণের মাসিক সমন্বয় সভা আয়োজন;<br>• জেলা ও উপজেলা পরিদর্শন;<br>• ফৌজদারি কার্যবিধির আওতায় দায়েরকৃত মামলাসমূহের কার্যক্রম | |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
| --- | --- | --- |
| ১ | ২ | ৩ |
| | পরিবীক্ষণ, মোবাইল কোর্ট পরিচালনা এবং ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩-এর বিষয়ে সেমিনার/ কর্মশালা আয়োজন; এবং<br>● মোবাইল কোর্ট পরিচালনা। | |
| ৩. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমসমূহের বাস্তবায়ন জোরদারকরণ | ● সামাজিক নিরাপত্তা কর্মসূচি এবং সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স (সিআরভিএস) সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন সমন্বয়;<br>● সিআরভিএস লক্ষ্যমাত্রা অর্জন/বাস্তবায়ন মূল্যায়ন, বিশ্লেষণ ও পুনর্নকশা (AAR) সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুতকরণ;<br>● সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির (সিএমসি) সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন;<br>● জিআরএস-এ অনিকের নিকট দাখিলকৃত আবেদন নির্ধারিত সময়ে নিষ্পত্তিকরণ;<br>● জিআরএস-এ আপীল কর্মকর্তার নিকট দাখিলকৃত আবেদন নির্ধারিত সময়ে নিষ্পত্তিকরণ;<br>● টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্যসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সহযোগী মন্ত্রণালয়/বিভাগের কার্যক্রম সমন্বয়সাধন;<br>● টেকসই উন্নয়ন অভীষ্ট-১৬ বিষয়ক অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন;<br>● ই-গভর্নেন্স বাস্তবায়ন;<br>● সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) বাস্তবায়ন;<br>● স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেম (SCMS) সফটওয়্যারের মাধ্যমে উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলাসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং সরকারি স্বার্থ রক্ষার্থে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;<br>● তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তিকরণ; এবং<br>● তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ে আপিল নিষ্পত্তিকরণ। | |

## ৩.০ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু কার্যক্রম সংক্রান্ত তথ্য

### ৩.১. দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু অভিযোজন ও প্রশমনের ওপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ মন্ত্রণালয়/বিভাগসমূহের কার্যক্রমের সমন্বয় জোরদারকরণ

**দারিদ্র্য নিরসনের ওপর প্রভাব:** মন্ত্রিসভা-বৈঠক, মন্ত্রিসভা কমিটি, সচিব কমিটি ও সামাজিক নিরাপত্তা বেষ্টনী সংশ্লিষ্ট কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন এবং এ সকল সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণের মাধ্যমে মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রশাসনিক ও উন্নয়নমূলক কার্যাবলি এবং সরকারের সামাজিক নিরাপত্তা বেষ্টনী সম্পর্কিত কর্মসূচিসমূহের লক্ষ্য অর্জন ত্বরান্বিত হয়। সরকারের এ সকল কার্যক্রমের মূল লক্ষ্য অর্থনৈতিক প্রবৃদ্ধি, দারিদ্র্য বিমোচন এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন। সুতরাং মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয়মূলক ভূমিকা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

**নারী উন্নয়নের ওপর প্রভাব:** মন্ত্রিসভা-বৈঠক, মন্ত্রিসভা কমিটি ও সচিব কমিটির সভায় গৃহীত বিভিন্ন নীতি ও কর্মকৌশল এবং সামষ্টিক পর্যায়ে প্রণীত নারীবান্ধব নীতির আলোকে দেশের প্রশাসনিক ও উন্নয়নমূলক কার্যক্রম পরিচালিত হয়। এ সকল কার্যক্রমে নারীর ক্ষমতায়ন অন্যতম দিক হিসাবে সন্নিবেশিত হয়, যা নারীর অর্থনৈতিক ক্ষমতা, সামাজিক মর্যাদা ও আইনগত অধিকার সুরক্ষায় প্রত্যক্ষ ভূমিকা রাখবে।

### ৩.১.২ মাঠ প্রশাসনের সক্ষমতা ও কার্যকারিতা বৃদ্ধিকরণ

**দারিদ্র্য নিরসনের ওপর প্রভাব:** কমিশনারগণের মাসিক সমন্বয় সভা, জেলা প্রশাসক সম্মেলন, জেলা প্রশাসকগণের সাথে মাসিক ভার্চুয়াল সভা, মাঠ প্রশাসনের কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ ও মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাবৃন্দ কর্তৃক মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন প্রভৃতি কার্যক্রম মাঠ পর্যায়ের স্থানীয় সমস্যা ও সম্ভাবনাসমূহ চিহ্নিতকরণপূর্বক এগুলির সুষ্ঠু ও টেকসই সমাধানের কার্যকর পন্থা হিসাবে কাজ করে। স্থানীয় উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন বিষয়ক কার্যক্রম সমন্বয়ের ক্ষেত্রে স্থানীয় জনগণের সঙ্গে সরকারের যোগসূত্র স্থাপন এবং সরকারের উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে এ সকল কার্যক্রম প্রত্যক্ষভাবে জড়িত। এ সকল কার্যক্রম গ্রহণের ফলে তৃণমূল পর্যায়ে সেবার পরিধি বৃদ্ধি এবং কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারিত হবে, যা দারিদ্র্য নিরসনে প্রত্যক্ষ প্রভাব রাখবে।

**নারী উন্নয়নের ওপর প্রভাব:** মাঠ প্রশাসনের সরাসরি তত্ত্বাবধানে মাঠ পর্যায়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নারী উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এই সকল কর্মসূচি/প্রকল্পে নারীর সম্পৃক্ততার ফলে নারী অধিকার প্রতিষ্ঠা ও সুরক্ষা সহজতর হবে এবং সামাজিক, অর্থনৈতিক ও প্রশাসনিক কার্যক্রমে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পাবে, যা নারী উন্নয়নে প্রত্যক্ষ ও পরোক্ষ ভূমিকা রাখবে।

### ৩.১.৩ সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমসমূহের বাস্তবায়ন জোরদারকরণ

**দারিদ্র্য নিরসনের ওপর প্রভাব:** সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) বাস্তবায়নসহ অন্যান্য সংস্কারমূলক কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে সরকারি প্রতিষ্ঠানসমূহের দাপ্তরিক কার্যক্রম ও গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত হলে নাগরিক সেবার গুণগত ও পরিমাণগত মানোন্নয়ন ও সুশাসন ত্বরান্বিত হবে। এছাড়া, মন্ত্রণালয়/বিভাগসমূহের সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমসমূহের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের দায়িত্ববোধ ও জবাবদিহিতা নিশ্চিত হবে। এসকল সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমসমূহের বাস্তবায়ন দারিদ্র্য নিরসনে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে।

**নারী উন্নয়নের ওপর প্রভাব:** স্বচ্ছ ও দায়বদ্ধ সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমসমূহ বাস্তবায়নের মাধ্যমে সরকারি প্রতিষ্ঠানসমূহের দাপ্তরিক কার্যক্রম ও গৃহীত উন্নয়ন প্রকল্প নির্দিষ্ট সময়ে বাস্তবায়িত হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের দায়িত্ববোধ ও জবাবদিহিতা নিশ্চিত হবে। এছাড়া, উদ্ভাবনী কার্যক্রম ও উত্তম চর্চা উৎসাহিতকরণ ও সম্প্রসারণের মাধ্যমে কর্মসংস্থানের জন্য নতুন কর্মক্ষেত্র সৃষ্টির পাশাপাশি নারী সহায়ক কর্মপরিবেশ তৈরি হবে, যা নারীর নানামুখী পেশাগত কার্যক্রমে সম্পৃক্ত হতে এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ বৃদ্ধি করতে সহায়তা করবে। এর ফলে নারীর ক্ষমতায়ন বৃদ্ধি পাবে।

## ৩.২ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু কার্যক্রম সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| দারিদ্র্য নিরসন | ৩৮,৬৩,৩৮ | ৪২,১৪,৫৮ | ৪২,১৪,৫৮ |
| নারী উন্নয়ন | ২৭,০০,৬১ | ২৬,৭২,৪৫ | ২৬,৭২,৪৫ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| ১. **সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম বাস্তবায়ন**<br>সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত GPMS সফটওয়্যারে দাখিল করা হয়েছে। | • সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমসমূহের বাস্তবায়ন |

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| এছাড়া, জাতীয় শুদ্ধাচার কৌশল, সিটিজেন্স চার্টার, জিআরএস, ই-গভর্নেন্স, উদ্ভাবন, তথ্য অধিকার প্রভৃতি সংস্কারমূলক কার্যক্রম বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হয়। এগুলোর মাধ্যমে মন্ত্রণালয়/বিভাগসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের দায়িত্ববোধ ও জবাবদিহিতা নিশ্চিত হয়। সরকারি প্রতিষ্ঠানসমূহের দাপ্তরিক কার্যক্রম, গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত হয়। ফলে নাগরিক সেবায় গুণগত ও পরিমাণগত মানোন্নয়ন হবে। | জোরদারকরণ |
| **২. গবেষণা কার্যক্রম**<br>পরিচালন বাজেট হতে দেশের সার্বিক উন্নয়ন-সংশ্লিষ্ট সমসাময়িক ও জনগুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় নিয়মিত গবেষণা কর্ম পরিচালিত হয়। মন্ত্রিপরিষদ বিভাগসহ মাঠ প্রশাসনে কর্মরত ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ এ গবেষণা কর্মে অংশগ্রহণ করে থাকে। গবেষণায় অংশগ্রহণের ফলে মন্ত্রিপরিষদ বিভাগ ও মাঠ প্রশাসনের কর্মকর্তাদের মান সম্পন্ন গবেষণা কর্ম পরিচালনায় দক্ষতা বৃদ্ধিসহ সমস্যা সমাধানকল্পে প্রমাণভিত্তিক (Evidence based) সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতার সুযোগ সৃষ্টি হয়েছে। তাছাড়া, গবেষণা হতে প্রাপ্ত তথ্য/উপাত্ত ও সুপারিশসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের কার্যক্রম সংক্রান্ত বিষয়ে সঠিক ও সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণে সহায়ক ভূমিকা রাখবে। | • সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমসমূহের বাস্তবায়ন জোরদারকরণ |
| **৩. স্বাধীনতা পুরস্কার প্রদান**<br>জাতীয় জীবনে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে স্বাধীনতা পুরস্কার প্রদান করা হয়। এছাড়া, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উদ্যোগে অন্যান্য পর্যায়ে পালিত অনুষ্ঠান/কর্মসূচির পরিবীক্ষণ ও সমন্বয় করা হয়। ফলে জনগণের মধ্যে দেশপ্রেম, স্বাধীনতার চেতনা ও মূল্যবোধ আরও সুদৃঢ় হবে, যা উন্নত দেশ গঠনে সহায়ক ভূমিকা রাখবে। | • মন্ত্রণালয়/বিভাগসমূহের কার্যক্রমের সমন্বয় জোরদারকরণ |
| **৪. জেলা প্রশাসক সম্মেলন আয়োজন**<br>প্রতি বছর জেলা প্রশাসক সম্মেলন আয়োজন করা হয় যেখানে সকল মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন বিষয় সংক্রান্ত নীতি-নির্ধারণী সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পরিবীক্ষণ করা হয়। এ কার্যক্রমের মাধ্যমে মাঠ প্রশাসনের সাথে সরকারের সেতুবন্ধন আরও দৃঢ় হয় এবং মাঠ প্রশাসনের কর্মকর্তারা সরকারের নীতি নির্ধারণী কার্যক্রমে অবদান রাখতে পারেন। এ সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের মাধ্যমে জনসেবা বৃদ্ধি পায়, মাঠপ্রশাসনের কার্যকারিতা ও সক্ষমতা বৃদ্ধি পায়। | • মাঠ প্রশাসনের সক্ষমতা ও কার্যকারিতা বৃদ্ধিকরণ |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৬-২৭ হতে ২০২৮-২৯)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| সচিবালয়, মন্ত্রিপরিষদ বিভাগ | ৮৬,৫৫,৭৫ | ৯৯,০৬,৫১ | ৭৩,৩৫,২০ | ৭৩,০৩,৭০ | ৭৭,৮৫,৪০ |
| অবলুপ্ত দুর্নীতি দমন ব্যুরো | ১৩,২৫ | ১৩,২৫ | ১৩,৮০ | ১৬,৩০ | ১৭,৬০ |
| মন্ত্রিগণ বিষয়ক ইউনিট | ২৯,৩১,০০ | ৩২,৪৮,০০ | ৩২,০০,০০ | ৩৩,৪০,০০ | ৩৩,৯০,০০ |
| **সর্বমোট :** | **১১৬,০০,০০** | **১৩১,৬৭,৭৬** | **১০৫,৪৯,০০** | **১০৬,৬০,০০** | **১১১,৯৩,০০** |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ২৫,০১,৪৯ | ২৯,১৯,৪৫ | ৩৫,৩১,৪৫ | ৩৬,৪৫,৯০ | ৩৭,২৫,২০ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ২১,৫৬,২৭ | ১৮,৯১,২৭ | ১৫,৩৫,৭৯ | ১২,৯৬,৪৩ | ১৪,৬০,৩৩ |

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ১,৮৩,৬৭ | ১,৮৩,৭২ | ৬,০০ | ৬,০০ | ৬,০০ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৫,৫৩,৭২ | ৬,৩১,৬৮ | ৫,৯২,৫৪ | ৫,৩৩,৪২ | ৬,৮৮,০১ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ৪,৮৩,০০ | ৫,৯৩,০০ | ৬,০৫,০০ | ৬,৮৫,০০ | ৭,১৫,০০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ৪,৬৫,৩১ | ৫,৯৪,৯৮ | ৬,৩৪,৫৫ | ৬,৯১,৯৩ | ৬,৯২,৭৪ |
| ৩২৫৩ | জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ | ২,৬১ | ২,৬১ | ০ | ০ | ০ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ২,৩৮,২২ | ২,৭২,১৯ | ২,০৬,৪৬ | ২,১২,৩১ | ২,২১,২৪ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ২৩,৪১ | ২৪,৪১ | ৮,০০ | ৯,০০ | ১০,০০ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ১৫,৯৯,২৩ | ১৫,২৮,৭৩ | ৯,৮৪,২৫ | ১০,৮০,২৬ | ১০,৯৪,৬৯ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ৬,৩৪,০৭ | ৫,৬২,৩৭ | ৫,৮৫,৩৪ | ৬,০২,০০ | ৫,৮৬,৫০ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ১,২১,০০ | ১,০১,০০ | ১,৭৩,৫৫ | ১,৪৪,৭৫ | ১,৩৯,২৯ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | ৪,০০ | ৪,০০ | ৪,০০ | ৪,০০ | ৪,০০ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ২,৪৯,০০ | ৭,০৫,০০ | ৪,৮৪,০০ | ৪,৮৪,০০ | ৪,৮৪,০০ |
| ৩৯১১ | সংরক্ষিত | ১৪,৬৫,০০ | ০ | ০ | ০ | ০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **১০৬,৮০,০০** | **১০০,১৪,৪১** | **৯৩,৫০,৯৩** | **৯৩,৯৫,০০** | ৯৮,২৭,০০ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৭,৩৩,০০ | ৩১,০৩,৩৫ | ৭,৪৯,০০ | ৬,৫৫,০০ | ৭,২৭,০০ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ৮০,০০ | ৫০,০০ | ২,০০,০০ | ৩,২০,০০ | ৩,৫০,০০ |
| ৪৯১১ | সংরক্ষিত | ১,০৭,০০ | ০ | ২,৪৯,০৭ | ২,৯০,০০ | ২,৮৯,০০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **৯,২০,০০** | **৩১,৫৩,৩৫** | **১১,৯৮,০৭** | **১২,৬৫,০০** | ১৩,৬৬,০০ |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | **মোট : - সম্পদ** | **০** | **০** | **০** | **০** | ০ |
| | **সর্বমোট :** | **১১৬,০০,০০** | **১৩১,৬৭,৭৬** | **১০৫,৪৯,০০** | **১০৬,৬০,০০** | ১১১,৯৩,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. মন্ত্রিসভা কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ * | ১ | % | ১০০ | ৮৭ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ২. জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ** | | | | | | | | | |
| (ক) স্বল্পমেয়াদি | ২ | % | - | - | ৬০ | ৬০ | ৬৫ | ৭০ | ৭০ |
| (খ) মধ্যমেয়াদি | | | - | - | ৪০ | ৪০ | ৪৫ | ৫০ | ৫০ |
| (গ) দীর্ঘমেয়াদি | | | - | - | ২০ | ২০ | ২৫ | ৩০ | ৩০ |
| ৩. ফৌজদারি কার্যবিধির আওতায় দায়েরকৃত মামলা নিষ্পত্তি | ২ | % | ১৫ | ১৪.৪০ | ১৫ | ১৫ | ১৫ | ১৫ | ১৫ |
| ৪. নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়/বিভাগের সুশাসন সংক্রান্ত টুলসমূহের কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন | ৩ | % | ১০০ | - | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |

* আন্তঃমন্ত্রণালয় সভার মাধ্যমে মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ করা হয়

** জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ নির্দেশকটি নতুনভাবে নির্ধারণ করা হয়েছে

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

## ৬.১ মন্ত্রিপরিষদ বিভাগ

### ৬.১.১ সাম্প্রতিক অর্জন:

- সরকারি কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রিসভার ৮০টি বৈঠকে গৃহীত ৭৯৫টি সিদ্ধান্তের মধ্যে ৭০৪টি (৮৯%) বাস্তবায়িত হয়েছে।
- মন্ত্রিসভা-বৈঠকে চূড়ান্তভাবে ১৩৯টি আইন এবং ৯৮টি চুক্তি/সমঝোতা স্মারক/নীতিমালা/কর্মকৌশল অনুমোদিত হয়েছে।
- প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ৩৮টি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১৩২টি ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৮৪টি সভা, ৬টি সচিব-সভা এবং মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য ২৭৭টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে।
- ২৫ জন বিশিষ্ট ব্যক্তি ও ১টি স্বনামধন্য প্রতিষ্ঠানকে ‘স্বাধীনতা পুরস্কার’ প্রদান করা হয়েছে।
- জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত ৯৯৩টি সিদ্ধান্তের মধ্যে ৪৭৩টি (৪৮%) বাস্তবায়িত হয়েছে।
- ১টি পৌরসভা (শ্যামনগর, সাতক্ষীরা) ও ৫টি উপজেলা(বগুড়ায় মোকামতলা, কক্সবাজারে মাতামুহুরী, ঠাকুরগাঁওয়ে রুহিয়া ও ভুল্লী এবং লক্ষ্মীপুরে চন্দ্রগঞ্জ) প্রতিষ্ঠা করা হয়েছে।
- মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রেরিত ৬২টি আইন পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মন্ত্রিসভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে।
- মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে ৩,৫০১-এর অধিক সরকারি দপ্তরের ওয়েবসাইটের সমন্বয়ে ‘বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়ন’ প্ল্যাটফর্ম তৈরি করা হয়েছে।

### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. মন্ত্রিসভা বৈঠক, মন্ত্রিসভা কমিটি, সচিব-সভা, সচিব কমিটি, আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সভা ও নিকার সভা আয়োজন | আয়োজিত মন্ত্রিসভা-বৈঠক | ১ | সংখ্যা | ৩০ | ৩৮ | ২৬ | ২৬ | ২৬ | ২৬ | ২৬ |
| | সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় উপস্থাপনের জন্য প্রাপ্ত প্রস্তাব নিষ্পত্তিকরণ | | | ৩৫ | ৪৫ | ৩৬ | ৪০ | ৩৫ | ৩৬ | ৩৬ |
| | অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় উপস্থাপনের জন্য প্রাপ্ত প্রস্তাব নিষ্পত্তিকরণ | | | ২৫ | ২৮ | ৩০ | ৩২ | ৩২ | ৩২ | ৩২ |
| | অনুষ্ঠিত সচিব-সভা | | | ১ | ২ | ২ | ১ | ২ | ২ | ২ |
| | প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুষ্ঠিত সভা | | | ১২ | ১৩ | ১২ | ১৩ | ১২ | ১২ | ১২ |
| | সামাজিক নিরাপত্তা কার্যক্রম পরিবীক্ষণকল্পে অনুষ্ঠিত সমন্বয় সভা | | | ২ | ২ | ২ | ১ | ২ | ২ | ২ |
| | সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির অনুষ্ঠিত | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | সমন্বয় সভা | | | | | | | | | |
| | সিআরভিএস সংক্রান্ত বাস্তবায়ন কমিটির অনুষ্ঠিত সভা | | | ৪ | ২ | ৪ | ৩ | ৩ | ৩ | ৩ |
| | অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভা | | | ৯০ | ৯৪ | ৯০ | ৯০ | ৯০ | ৯০ | ৯০ |
| | নিকার সভা | | | ১ | ০ | ১ | ১ | ১ | ১ | ১ |
| ২. মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন | প্রণীত ত্রৈমাসিক প্রতিবেদন | ১ | সংখ্যা | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ |
| ৩. মন্ত্রিসভা কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ | নিষ্পত্তিকৃত সিদ্ধান্ত | ১ | শতকরা | - | - | ৯০ | ৯০ | ১০০ | ১০০ | ১০০ |
| ৪. প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভার জন্য প্রাপ্ত প্রস্তাবসমূহ নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত প্রস্তাব | ১ | শতকরা | ৮০ | ৮০ | ৮০ | ৮০ | ৮৫ | ৯০ | ৯০ |
| ৫. মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক জাতীয় সংসদে প্রদেয় ভাষণ প্রণয়ন | প্রণীত ভাষণ | ১ | সংখ্যা | - | - | ১ | ১ | ১ | ১ | ১ |
| ৬. মন্ত্রণালয়/বিভাগসমূহের কার্যাবলির বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | প্রণীত প্রতিবেদন | ১ | সংখ্যা | - | - | ১ | ১ | ১ | ১ | ১ |
| ৭. জাতীয় জীবনে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে স্বাধীনতা পুরস্কার প্রদান | স্বাধীনতা পুরস্কার প্রদানের অনুষ্ঠান | ১ | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| ৮. উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিচালনা কার্যক্রম পরিবীক্ষণ | আয়োজিত সভা | ১ | সংখ্যা | ৪ | ৩ | ৪ | ৩ | ৩ | ৩ | ৩ |
| ৯. মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রণীতব্য সকল আইনের উৎকর্ষ সাধনের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় কমিটির মাধ্যমে সুপারিশ প্রদান। | মন্ত্রিসভায় উপস্থাপনের লক্ষ্যে প্রদত্ত সুপারিশের সংখ্যা | ১ | সংখ্যা | ১৮ | ২৩ | ১৮ | ১৮ | ১৮ | ১৮ | ১৮ |
| ১০. জেলা প্রশাসক সম্মেলন আয়োজন | আয়োজিত সম্মেলন | ২ | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| ১১. মাঠ পর্যায়ের কর্মকর্তা/ জনপ্রতিনিধিদের সঙ্গে ভার্চুয়াল সভার মাধ্যমে জরুরি ও জনগুরুত্বপূর্ণ বিষয়ে দিক্‌নির্দেশনা প্রদান | ভার্চুয়াল সভা | ২ | সংখ্যা | ১২ | ১২ | ১২ | ১২ | ১২ | ১২ | ১২ |
| ১২. মাঠ পর্যায়ে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাগণের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ তদন্তপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ/ নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত অভিযোগ | ২ | % | ৭২ | ৫৭ (মোট অভিযোগ ৩৩০, মোট নিষ্পত্তি ১৮৮) | ৭৫ | ৬০ | ৬৫ | ৭০ | ৭৫ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১৩. কমিশনার ও জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে GPMS বাস্তবায়ন | GPMS সেকশন-২ এর অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা | ২ | তারিখ | - | - | - | - | ২৮ ফেব্রুয়ারি ২০২৭ | ২৮ ফেব্রুয়ারি ২০২৮ | ২৮ ফেব্রুয়ারি ২০২৯ |
| | GPMS সেকশন-২ ও সেকশন ৩-এর বার্ষিক মূল্যায়ন সম্পন্নকরণ | | | - | - | - | - | ৩০ সেপ্টেম্বর ২০২৭ | ৩০ সেপ্টেম্বর ২০২৮ | ৩০ সেপ্টেম্বর ২০২৯ |
| | আয়োজিত কর্মশালা | ২ | সংখ্যা | - | - | - | ৮ | ১২ | ১২ | ১২ |
| | আয়োজিত প্রশিক্ষণ | | | - | - | - | ১০ | ১২ | ১২ | ১২ |
| ১৪. পাক্ষিক গোপনীয় প্রতিবেদন সংগ্রহ ও প্রতিবেদন প্রণয়ন এবং কার্যক্রম গ্রহণ | প্রণীত প্রতিবেদন/ সারসংক্ষেপ | ২ | সংখ্যা | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ |
| ১৫. পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রদত্ত অনুশাসনের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ | প্রণীত প্রতিবেদন/ কার্যবিবরণী | ২ | সংখ্যা | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ |
| | আয়োজিত কর্মশালা | | | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ |
| ১৬. জেলা প্রশাসকগণের তিনবছর মেয়াদি অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা পরিবীক্ষণ | আয়োজিত কর্মশালা | ২ | সংখ্যা | ৮ | ৮ | ১৬ | ১৬ | ১৬ | ১৬ | ১৬ |
| | প্রণীত প্রতিবেদন/ কার্যবিবরণী | | | ৮ | ৮ | ১৬ | ১৬ | ১৬ | ১৬ | ১৬ |
| ১৭. ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ | আয়োজিত কর্মশালা | ২ | সংখ্যা | ১৬ | ১৬ | ১৬ | ১৬ | ১৬ | ১৬ | ১৬ |
| ১৮. ১৯৪৮ ও ১৯৮২ সালের বিলম্বিত এলএ মামলা নিষ্পত্তিকরণ পরিবীক্ষণ | নিষ্পত্তিকৃত মামলা | ২ | শতকরা | - | - | ৭০ | ৭০ | ৭২ | ৭৫ | ৮০ |
| ১৯. কমিশনারগণের মাসিক সমন্বয় সভা আয়োজন | আয়োজিত সভা | ২ | সংখ্যা | ১১ | ১১ | ১১ | ১১ | ১১ | ১১ | ১১ |
| ২০. জেলা ও উপজেলা পরিদর্শন | প্রণীত প্রতিবেদন | ২ | সংখ্যা | ৭০ | ২১ | ৭৫ | ১০৮ | ১০৮ | ১০৮ | ১০৮ |
| | আয়োজিত কর্মশালা | | | ০ | ০ | ০ | ২ | ৪ | ৪ | ৪ |
| ২১. ফৌজদারি কার্যবিধির আওতায় দায়েরকৃত মামলাসমূহের কার্যক্রম পরিবীক্ষণ, মোবাইল কোর্ট পরিচালনা এবং ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ বিষয়ে কর্মশালা আয়োজন | আয়োজিত কর্মশালা | ২ | সংখ্যা | ৮ | ৮ | ৮ | ১৮ | ২৫ | ৩০ | ৩২ |
| ২২. মোবাইল কোর্ট পরিচালনা | প্রণীত প্রতিবেদন | ২ | সংখ্যা | - | - | - | - | ৪ | ৪ | ৪ |
| ২৩. সামাজিক নিরাপত্তা কর্মসূচি এবং সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স (সিআরভিএস) সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন সমন্বয় | আয়োজিত প্রশিক্ষণ | ৩ | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ |
| | আয়োজিত কর্মশালা | | | ৮ | ২ | ৮ | ৬ | ৮ | ৮ | ৮ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ২৪. সিআরভিএস লক্ষ্যমাত্রা অর্জন/বাস্তবায়ন মূল্যায়ন, বিশ্লেষণ ও পুনর্নকশা (AAR) সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুতকরণ | প্রস্তুতকৃত প্রতিবেদন | ৩ | তারিখ | - | - | ৩১ মার্চ ২০২৬ | ৩১ মার্চ ২০২৬ | ৩১ মার্চ ২০২৭ | ৩১ মার্চ ২০২৮ | ৩১ মার্চ ২০২৯ |
| ২৫. সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির (সিএমসি) সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৩ | শতকরা | - | - | ৮০ | ৮০ | ৮০ | ৮০ | ৮০ |
| ২৬. জিআরএস-এ অনিকের নিকট দাখিলকৃত আবেদন নির্ধারিত সময়ে নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত আবেদন | ৩ | শতকরা | - | - | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ২৭. জিআরএস-এ আপীল কর্মকর্তার নিকট দাখিলকৃত আবেদন নির্ধারিত সময়ে নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত আবদন | ৩ | শতকরা | - | - | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ২৮. টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্যসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সহযোগী মন্ত্রণালয়/ বিভাগের কার্যক্রম সমন্বয় সাধন | আয়োজিত কর্মশালা | ৩ | সংখ্যা | ৮ | ৯ | ১০ | ১০ | ১২ | ১৫ | ১৫ |
| ২৯. টেকসই উন্নয়ন অভীষ্ট-১৬ বিষয়ক অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন | প্রণীত প্রতিবেদন | ৩ | তারিখ | - | - | ৩০ জুন ২০২৬ | ৩০ জুন ২০২৬ | ৩০ জুন ২০২৭ | ৩০ জুন ২০২৮ | ৩০ জুন ২০২৯ |
| ৩০. ই-গভর্নেন্স বাস্তবায়ন | আয়োজিত প্রশিক্ষণ | ৩ | সংখ্যা | ৭ | ১৪ | ৭ | ১০ | ৩০ | ৩০ | ৩০ |
| | আয়োজিত কর্মশালা | | | ৬ | ০ | ৬ | ১০ | ১০ | ১০ | ১০ |
| ৩১. সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) বাস্তবায়ন | তিন বছরের পরিকল্পনা (সেকশন-১) NGEP-এর কমিটি কর্তৃক মূল্যায়ন সম্পন্নকরণ | ৩ | তারিখ | - | - | ২০ নভেম্বর ২০২৫ | ২০ নভেম্বর ২০২৫ | ১৫ এপ্রিল ২০২৬ | ১৫ এপ্রিল ২০২৭ | ১৫ এপ্রিল ২০২৮ |
| | GPMS সেকশন-২ এর অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা | | | - | - | - | - | ২৮ ফেব্রুয়ারি ২০২৭ | ২৮ ফেব্রুয়ারি ২০২৮ | ২৮ ফেব্রুয়ারি ২০২৯ |
| | GPMS সেকশন-২ ও সেকশন ৩-এর বার্ষিক মূল্যায়ন সম্পন্নকরণ | | | - | - | - | - | ৩০ সেপ্টেম্বর ২০২৭ | ৩০ সেপ্টেম্বর ২০২৮ | ৩০ সেপ্টেম্বর ২০২৯ |
| | GPMS সংক্রান্ত প্রশিক্ষণ/ কর্মশালা আয়োজন | | সংখ্যা | - | - | ৪৫ | ৫৫ | ৪৫ | ৪৫ | ৪৫ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৩২. স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেম (SCMS) সফটওয়্যারের মাধ্যমে উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলাসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং সরকারি স্বার্থ রক্ষার্থে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ | মামলা এন্ট্রির হার | ৩ | শতকরা | ৯৫ | ৯৫ | ৯৫ | ৯৫ | ৯৫ | ৯৫ | ৯৫ |
| ৩৩. তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত তথ্য প্রাপ্তির আবেদন | ৩ | শতকরা | ১০০ | ৮০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ৩৪. তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ে আপিল নিষ্পত্তিকরণ। | নিষ্পত্তিকৃত আপিল আবেদন | ৩ | শতকরা | - | - | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |

### ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১০৪০১০১ - সচিবালয়, মন্ত্রিপরিষদ বিভাগ | | ৪৩,৯০,৪২ | ৬৪,৯৬,৭৫ | ৫৬,৬৪,২৫ | ৬২,৮২,২০ | ৬৬,০৭,৭০ | ৭০,৫৬,৪০ |
| ১০৪০২০১ - অবলুপ্ত দুর্নীতি দমন ব্যুরো | | ১৪,৪৮ | ১৩,২৫ | ১৩,২৫ | ১৩,৮০ | ১৬,৩০ | ১৭,৬০ |
| ১০৪০৩০১ - মন্ত্রিগণ বিষয়ক ইউনিট | | ২২,৯৯,০২ | ২৯,৩১,০০ | ২৯,৩১,০০ | ৩২,০০,০০ | ৩৩,৪০,০০ | ৩৩,৯০,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **৬৭,০৩,৯২** | **৯৪,৪১,০০** | **৮৬,০৮,৫০** | **৯৪,৯৬,০০** | **৯৯,৬৪,০০** | **১০৪,৬৪,০০** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২০০০০১০০ - মন্ত্রিগণের মফস্বলের সফর | | ০ | ১০,০০ | ৫,০০ | ৫,০০ | ১০,০০ | ১০,০০ |
| ১২০০১৫৫০১ - গুম সংক্রান্ত কমিশন অফ ইনকোয়ারি | - | ০ | ০ | ৩,১৭,০০ | ০ | ০ | ০ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **০** | **১০,০০** | **৩,২২,০০** | **৫,০০** | **১০,০০** | **১০,০০** |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০০০৮০০ - উত্তরা গণভবন | - | ৭৪,৯৫ | ১,২৫,০০ | ১,০৫,০০ | ১,১৮,০০ | ১,২৬,০০ | ১,৩১,০০ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **৭৪,৯৫** | **১,২৫,০০** | **১,০৫,০০** | **১,১৮,০০** | **১,২৬,০০** | **১,৩১,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৬৭,৭৮,৮৭** | **৯৫,৭৬,০০** | **৯০,৩৫,৫০** | **৯৬,১৯,০০** | **১০১,০০,০০** | **১০৬,০৫,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২১০০০১০৪ - মন্ত্রিপরিষদ বিভাগের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | | ০ | ১,০৭,০০ | ০ | ২,৪৯,০৭ | ২,৯০,০০ | ২,৮৯,০০ |
| ২২৩০০০৬০০ - সোসাল সিকিউরিটি পলিসি সাপোর্ট প্রোগ্রাম (এসএসপিএস) (২য় সংশোধিত) (০১/০৭/২০১৪ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ১৯ | ৮৮,০০ | ১৫,৬৮,০০ | ১৫,৬৮,০০ | ০ | ০ | ০ |
| ২২৩০৩২৬০০ - সাপোর্ট টু দি সেন্ট্রাল ম্যানেজমেন্ট কমিটি'স পলিসি গাইডেন্স অন চাইল্ড কম্পোনেন্ট অব দি এনএসএসএস (১ম সংশোধিত) (০১/০১/২০১৮-৩১/১২/২০২৬) অনুমোদিত | ২৩ | ৫৫,১৬ | ২,২৫,০০ | ১,৭০,০০ | ৯৮,৩১ | ০ | ০ |
| ২২৩০৫২২০০ - টেকনিক্যাল সাপোর্ট ফর সিআরভিএস সিস্টেম ইমপ্রুভমেন্ট ইন বাংলাদেশ (৫ম পর্যায়) (০১/০১/২০২৪ - ৩১/১২/২০২৬) অনুমোদিত | ২৪ | ০ | ১,২৪,০০ | ১,২৪,০০ | ১,১২,১৮ | ০ | ০ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২২৩০৫৫৮০০ - স্ট্রেন্থেনিং (এসবিসিসি) ডেলিভারি সিস্টেম ইন নিউট্রিশন সেনসিটিভ সোশ্যাল প্রটেকশন (০১/০৭/২০২৫ - ৩০/০৬/২০২৭) | ২৩ | ০ | ০ | ৯০,২৬ | ৪৪,৯২ | ০ | ০ |
| ২২৩০৫৭৪০০ - স্ট্রেংথেনিং শক রেসপন্সিভ এন্ড নিউট্রিশন সেনসিটিভ সোশ্যাল প্রোটেকশন প্রোগ্রামস (০১/০১/২০২৬ - ৩১/১২/২০২৮) | ২৩ | ০ | ০ | ০ | ৪,২৫,৫২ | ২,৭০,০০ | ২,৯৯,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **১,৪৩,১৬** | **২০,২৪,০০** | **১৯,৫২,২৬** | **৯,৩০,০০** | **৫,৬০,০০** | **৫,৮৮,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **১,৪৩,১৬** | **২০,২৪,০০** | **১৯,৫২,২৬** | **৯,৩০,০০** | **৫,৬০,০০** | **৫,৮৮,০০** |
| মোট : | | **৬৯,২২,০৩** | **১১৬,০০,০০** | **১০৯,৮৭,৭৬** | **১০৫,৪৯,০০** | **১০৬,৬০,০০** | **১১১,৯৩,০০** |